

2016
BENGALI
[HONOURS]
Paper : VII

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ৮×২=১৬
- ক) ‘সেই সাগর নাড়ের বিয়ে দেয়’ — বক্তা কে? ‘নাড়’ কথাটির অর্থ লেখো।
- খ) ‘নীলদর্পণ’ নাটকের প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কের নাট্যস্থানটি উল্লেখ করো। কোন্ চরিত্রের মুখে প্রথম সংলাপটি উচ্চারিত হয়েছে?
- গ) গোলোকচন্দ্র বসু-র মৃত্যু কোথায় হয়েছিল? কীভাবে হয়েছিল?
- ঘ) ‘আমাদের গ্রাম সেই পাঁচমুড়া পাহাড়ের তলায়’ — বক্তা কে? পাঁচমুড়া পাহাড় কোন্ নদীর ধারে অবস্থিত?
- ঙ) অমল ছেলের দলকে কোন্ কোন্ খেলনা দিয়েছিল?
- চ) ‘আমি তার সঙ্গে যেখানে খুশি ভিক্ষা করে বেড়াব।’ — কে বলেছে? কার সঙ্গে, সে ‘ভিক্ষা’ করবে?

- ছ) “... সম্রাটের মুখদর্শনও করি নাই; করবও না।” — কে বলেছেন? কতদিন তিনি সম্রাটের ‘মুখদর্শন’ করেননি?
- জ) “সেদিন আমি যেমন তোমার প্রণয়ভিক্ষু ছিলাম, আজও সেই রকম তোমার প্রণয়ভিক্ষু আছি।” — কে বলেছেন? কেন এই কথা বলেছেন?
- ঝ) “নিন্দ যাবে গুণমণি সুখে নিন্দ যাপ” — গানটি কে গেয়েছে? ‘গুণমণি’ কাকে বলা হয়েছে?
- ঞ) ‘নূরজাহান’ নাটকের আখ্যানভাগ কোন্ সূত্র থেকে গৃহীত হয়েছে?
- ট) “নগরীর মধ্যে বেণীর বিপক্ষ পক্ষ গঠন করোছি।” — ‘বিপক্ষ পক্ষ’-র সদস্যদের নাম কী?
- ঠ) ‘চাঁদ বণিকের পালা’ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল এবং কবে?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তরসহ মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৬×৬=৩৬
- ক) ‘নীলদর্পণ’ নাটকে তোরাপকে কোন্ দৃশ্যে প্রথম দেখা যায়? নাটকে চরিত্রটির গুরুত্ব বুঝিয়ে দাও। ১+৫
- খ) ‘নীলদর্পণ’ নাটকের মূল নাট্য-সংকট ফুটিয়ে তুলতে প্রথম অঙ্কের প্রথম দৃশ্যটির গুরুত্ব আলোচনা করো। ৬
- গ) ‘নূরজাহান’ নাটকে আয়াস এবং আসফ কে ছিলেন? নাটকে তাঁদের যে মনোভাব ব্যক্ত হয়েছে তা ব্যাখ্যা করো। ১+৫

- ঘ) রেবা কে? 'নূরজাহান' নাটকে চরিত্রটির গুরুত্ব ব্যাখ্যা
করো। ১+৫
- ঙ) 'ডাকঘর' নাটকে দইওয়াল, প্রহরী, মোড়ল চরিত্র তিনটি
উপস্থাপনার তাৎপর্য কী ব্যাখ্যা করো। ৬
- চ) 'ডাকঘর' নাটকের সংলাপের মূল বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে
আলোচনা করো। নাটকটির ইংরেজি অনুবাদের নাম লেখো।
৫+১
- ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকটির নির্মাণ শৈলীর অভিনবত্ব
সংক্ষেপে আলোচনা করো। ৬
- জ) 'চাঁদ বণিকের পালা' নাটকে বেহলা ও লখিন্দরের সম্পর্কের
মধ্যে তুমি কোন্ জীবনভাবনার খোঁজ পাও ব্যাখ্যা করো।
৬
- ঝ) কর্ণ সিংহ কে? 'নূরজাহান' নাটকে চরিত্রটির গুরুত্ব
আলোচনা করো। ১+৫
- ঞ) 'চাঁদ বণিকের পালা' নাটকের বল্লভাচার্য চরিত্রটির
প্রাসঙ্গিকতা বিচার করো। ৬
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি
প্রশ্নের উত্তর দাও : ৪×১২=৪৮
- ক) 'নীলদর্পণ' নাটকটিকে 'ট্রাজেডি' বলা যায় কী? আলোচনা
করো। 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদের নাম লেখো।
১০+২
- খ) 'নীলদর্পণ' নাটকে সংলাপ রচনায় দীনবন্ধু মিত্র কতখানি
সফল হয়েছেন আলোচনা করো। ১২

- গ) 'নূরজাহান' নাটকের ভূমিকায় দ্বিজেন্দ্রলাল লিখেছিলেন,
'এই নাটকে বাহিরের যুদ্ধ অপেক্ষা ভিতরের যুদ্ধ দেখাইতেই
আমি আপনাকে সমধিক ব্যাপ্ত রাখিয়াছি।' 'নূরজাহান'
নাটকে এই 'ভিতরের যুদ্ধ' দেখাতে নাটককার কতখানি
সফল তা আলোচনা করো। ১২
- ঘ) ঐতিহাসিক নাটকরূপে 'নূরজাহান' কতখানি সার্থক
আলোচনা করো। নাটকটি কটি অঙ্ক ও কটি দৃশ্যে বিভক্ত?
১০+২
- ঙ) 'ডাকঘর' নাটক সম্পর্কে রবীন্দ্রনাথ মন্তব্য করেছিলেন 'এ
গদ্য-লিরিক'। মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করো। ১২
- চ) 'ডাকঘর' নাটকে নাটককারের প্রতীকভাবনার যে প্রকাশ
দেখা যায় তা আলোচনা করো। সুধা চরিত্রটিকে কিসের
প্রতীক বলা যায়? ১০+২
- ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকে 'পাড়ি', 'বীরত্ব', 'উদ্দেশ্য'
শব্দ তিনটি একাধিকবার ব্যবহৃত হয়েছে। উল্লিখিত শব্দ
তিনটি নাটকে কোন্ গুরুত্ব বহন করে আলোচনা করো।
১২
- জ) "যথার্থ আদর্শবাদী ও আপোসহীন চরিত্র চাঁদ সদাগর একই
সঙ্গে নিবিড়ভাবে একাকী"— মন্তব্যটি বিচার করো। ১২